# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ সালামের আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কেবলমাত্র ইশারা ও ইঙ্গিতে সালাম বা তার উত্তর

কেবলমাত্র (হাত বা মাথার) ইশারা ও ইঙ্গিতে সালাম বা তারউত্তর দেওয়া বৈধ নয়। যেহেতু তা আহলে কিতাব (ইয়াহুদী ও খ্রিষ্টানদের) সালাম।[1] কিন্তু দূরের বা কাঁচের ভিতরের কাউকে, অথবা কোন কালা লোককে, সালাম দিতে হলে হাতের ইশারার সাথে মুখে সালাম উচ্চারণ করতে হবে। অবশ্য বোবা ব্যক্তি ইশারায় না দিলে আর কিভাবেই বা সালাম ও তার উত্তর দেবে?

জ্ঞাতব্য যে, সালাম বা তার উত্তর দেওয়ার সময় হাতকে কপালে স্পর্শ করা (স্যালুট করা) বৈধ নয়। কারণ তা বিজাতীয় প্রথা।

ফুটনোট

[1]. সহীহ তিরমিযী হা/২১৬৮, সিলসিলাহ সহীহাহ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/২১৯৪

Source — https://www.hadithbd.com/books/link/?id=7985

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন